গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.২৫.০০১.২৩.৪৫ তারিখ: ১৭-১০-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার সদর উপজেলাধীন ঘারিন্দা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

17/10/2023

(ইশরাত জামান)
যুগ্মসচিব
ফোন-২২৩৩৮৭২৫২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-
০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৪. ফাহমীন খালেক নিপা, সহকারী পরিচালক (সংযুক্ত- এপিএ কার্যক্রম, প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৬.অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

**টাঙ্গাইল সদর উপজেলাধীন ঘারিন্দা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিদর্শন প্রতিবেদন:**

| | |
|---|---|
| **ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম** | : ঘারিন্দা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। |
| **উপজেলার নাম** | : টাঙ্গাইল সদর |
| **জেলার নাম** | : টাঙ্গাইল |
| **পরিদর্শনের তারিখ** | : গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখ। |
| **কর্মরত ও শূন্য জনবলের তথ্য** | : উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ০১জন, ফার্মাসিস্ট ০১জন; পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১জন; পরিবার পরিকল্পনা পরিদর্শক ০১জন; আয়া ০১জন; অফিসহায়ক/নিরাপত্তা প্রহরী ০১জন; পরিবার কল্যাণ সহকারীর ০৫টি পদের মধ্যে ০৪জন কর্মরত এবং ০১টি পদ শূন্য। |

পরিদর্শনকালে এলাকার স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ ও মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং সেবা কেন্দ্রে কর্মরত সকল স্টাফ উপস্থিত ছিলেন। কেন্দ্রটি জনবহুল এলাকায় অবস্থিত। কেন্দ্রের পাশেই ইউনিয়ন পরিষদ ভবন ও বাজার এবং খেলার মাঠ রয়েছে। সেবা কেন্দ্রটিকে মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ হিসেবে ঘোষণা করা হয়েছে। সেবা কেন্দ্রটি একতলা বিশিষ্ট বিল্ডিং। ৩০/৩৫ জন সেবা প্রত্যাশি অপেক্ষমান ছিল। কেন্দ্রটিতে প্রতিদিন ৪৫/৫০ জন সাধারণ রোগী, ২০/২৫ জন কিশোর কিশোরী, ২০/২৫ জন শিশু সেবা, ১০/১২ জন গর্ভকালীন সেবা নিতে আসে। সেপ্টেম্বর/২৩ মাসে ০৫ (পাঁচ) জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। সেবার সংখ্যাগত পরিমাণ ও গুণগত মান সন্তোষজনক।

**আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয়ে থাকলে তার বিবরণ:** কেন্দ্রের বিভিন্ন রেজিস্ট্রার Up to date পাওয়া যায়। এছাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরাসরি অর্থ বরাদ্দ এবং খরচে কোন সুযোগ নাই বিধায় সেখানে আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয় নাই। সাধারণ রোগি রেজিস্ট্রার, গর্ভবতী রেজিস্ট্রার, শিশু সেবাদানের রেজিস্ট্রার, কিশোর-কিশোরী পরিচর্যা রেজিস্ট্রার, ইডিডি রেজিস্ট্রার তথ্যাদি সময়মত লিপিবদ্ধ করা হয়েছে।

**প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিস্কার-পরিচ্ছন্নতা:** সেবা কেন্দ্রের আশপাশের পরিবেশ ভালো। আবাসিক ভবনের ছাদ, দেয়াল ও মেঝে মেরামত/সংস্কার করা খুবই প্রয়োজন। বৃষ্টি হলে ছাদ দিয়ে পানি পড়ে। দরজা-জানালা মেরামত করা প্রয়োজন। একটু বৃষ্টি হলেই পানি জমে। কেন্দ্রের সীমানা প্রাচীর দুই দিকে নাই। পরিস্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক।

**প্রাতিষ্ঠানিক ভৌত অবকাঠামো রাস্তা:** কেন্দ্রের সংযোগ রাস্তা কাচা। তবে উক্ত কাচা রাস্তা বাজারের পাকা রাস্তা হতে আনুমানিক ১৫০/২০০ মিটার দূরত্ব। উক্ত রাস্তা পাকা হলে গর্ভবতী মা ও অন্যান্য সাধারণ রোগিদের যাতায়াতের সুবিধা হবে।

**পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য**

**প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা:** উক্ত কেন্দ্রের আসবাবপত্রের গুণগতমান ও সংখ্যা তুলনামূলকভাবে ভাল। উক্ত ইউনিয়নে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, ফার্মাসিস্ট, পরিবার কল্যাণ পরিদর্শিকা ও পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারীদের মাসিক মিটিং করার নিমিত্ত প্রয়োজনীয় আসবাবপত্র আবশ্যক। সর্বশেষ ২০১৬ সালে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে আসবাবপত্রের সরবরাহ পাওয়া গেছে।

**অন্যান্য সমস্যা:** উক্ত সেবা কেন্দ্রটি গ্রামের মধ্যে অবস্থিত। সেখানে বৈদ্যুতিক সুবিধা থাকলেও লোডশেডিং এর জন্য স্বাভাবিক ডেলিভারী করার সময় সেবা প্রদানকারীগণ অসুবিধার মধ্যে পড়েন। আইপিএস এর ব্যবস্থা করা খুবই প্রয়োজন। টয়লেটে হাই কমোডের ব্যবস্থা নাই। সেবা কেন্দ্রটি ড্যাম হওয়ায় ইলেক্ট্রিসিটি লাইনের সমস্যা। বাসভবন মেরামত/সংস্কার না করা হলে বসবাসের অনুপযোগী হয়ে পড়বে।

**সুপারিশ:** ঘারিন্দা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হিসেবে বাসভবন সম্পূর্ণভাবে মেরামত/সংস্কার করা অত্যান্ত জরুরী। বাসভবনসহ সেবা কেন্দ্রের সীমানা প্রাচীর দুইদিকে উঁচু করাসহ অন্য দুইদিকে নতুনভাবে সীমান প্রাচীর নির্মাণ উঁচু করা প্রয়োজন। সার্বক্ষণিক স্বাভাবিক প্রসব সেবা প্রদানের নিমিত্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য আইপিএস/সৌর বিদ্যুৎ এর ব্যবস্থা করা দরকার। মাসিক মিটিং ও সাধারণ রোগীদের বসার জন্য ৩০ (ত্রিশ) টি চেয়ার এবং ঔষধসহ রেজিস্টার সংরক্ষণের জন্য ০২ (দুই) টি আলমিরা সরবরাহ প্রয়োজন।

১৭/১০/২০২৩

(ইশরাত জামান)
যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়